

## পর্যটন শিল্পে বিনিয়োগ করলে সহযোগিতা করা হবে : পর্যটনমন্ত্রী

- A Monitor Desk Report

Date: 01 June, 2024



ঢাকাঃ বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটনমন্ত্রী মুহাম্মদ ফারুক খান বলেছেন, কোনো সমবায় সমিতি পর্যটন শিল্পে বিনিয়োগ করলে তাদের বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়ের পক্ষ থেকে সর্বাত্মক সহযোগিতা করা হবে।

শুক্রবার (৩১ মে) রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে দ্য মেট্রোপলিটন খ্রিস্টান কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিমিটেডের ৩৬তম বার্ষিক সাধারণ সভায় প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এ কথা বলেন।

সমবায় সমিতিগুলো বাংলাদেশের অপার সম্ভাবনাময় পর্যটন খাতের বিভিন্ন বিষয়ে বিনিয়োগ করতে পারে উল্লেখ করে পর্যটনমন্ত্রী আরও বলেন, বিনিয়োগ করলে সমিতিগুলোর আয় বাড়বে অপরদিকে তারা দেশের পর্যটন শিল্পের প্রসারেও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখার সুযোগ পাবে।

পর্যটনমন্ত্রী বলেন, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় কর্তৃক সমবায় সম্পর্কিত আইন ও বিধি রিভিউ করার যে উদ্যোগ নেওয়া হয়েছে তা একটি ভাল উদ্যোগ। আশা করি এই আইন রিভিউ হওয়ার পর তা প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত স্মার্ট বাংলাদেশ গড়ার ক্ষেত্রে সমবায় সমিতির গুরুত্বপূর্ণ ভূমিকা রাখার সুযোগ আরও বাড়বে।

মন্ত্রী বলেন, সমবায় সমিতি ভালোভাবে চলার জন্য এর প্রত্যেক সদস্যের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। সমিতিগুলোকে সফল করতে হলে এর সদস্য ও তাদের সন্তানদের মধ্যে থেকে উচ্চ শিক্ষিত এবং প্রশিক্ষিত নেতৃত্ব তৈরি করতে হবে। মেট্রোপলিটন খ্রিস্টান কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিমিটেডের সফলতা দেখে অন্যরাও সমবায় সম্পর্কে আগ্রহী হবেন। এই সমিতি শুধু এর সদস্যদের আবাসনের ব্যবস্থাই করছে না, পাশাপাশি এর সদস্যদের সন্তানদের উচ্চশিক্ষার জন্য ঋণ প্রদান, শিক্ষার্থীদের আবাসনের ব্যবস্থা, স্বাস্থ্যসেবার জন্য হাসপাতাল স্থাপন ও আয় বৃদ্ধিকারী বিভিন্ন প্রকল্পে তারা বিনিয়োগ করেছেন। পর্যটন শিল্পের বিভিন্ন খাতেও তাদের বিনিয়োগ রয়েছে।

দ্য মেট্রোপলিটন খ্রিস্টান কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিমিটেডের সভাপতি অগাস্টিন পিউরিফিকেশনের সভাপতিত্বে অনুষ্ঠানে গেস্ট অব অনার হিসেবে বক্তব্য দেন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রতিমন্ত্রী মো. আব্দুল ওয়াদুদ এমপি এবং বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন সংসদ সদস্য মো. আখতারুজ্জামান ও অনিমা মুক্তি গোমেজ।

